গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০০৪.১৬-০১ তারিখঃ ০১/০১/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ ২৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে ২০১৭-১৮ অর্থ বছরের প্রাক্কলন, ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে প্রক্ষেপণের সিলিং চূড়ান্তকরণ, ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন এবং উন্নয়ন) প্রণয়ন এবং ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জনসমূহ পুনঃমূল্যায়নের নিমিত্ত অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বিএমসি সভার কার্যবিবরণী-৪ পাতা।
কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা-৩ পাতা।

০১/০১/২০১৭
(দেলোয়ারা বেগম)
উপসচিব
ফোনঃ ৯৫৫১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, কাওরান বাজার, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (মৎস্য/প্রশাসন/বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-২/ব্লু ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্ম সচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৮. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১১. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১২. উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৩. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৫. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রাণিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা **(সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৬-১৭ অর্থ বছরে অস্বাভাবিক রাজস্ব প্রাপ্তির বিষয়টি Reconciliation-এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
১৮. সিনিয়র সহকারী সচিব (আইসিটি),মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
১৯. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. জনাব মোহাম্মদ আল-মারুফ, সহকারী প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
২২. হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

*E:\Budget Section\Minutes (Nikosh)\Forwarding.doc*

## ২৮/১২/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মাকসুদুল হাসান খান
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

সভার স্থান : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬)

তারিখ : ২৮/১২/২০১৬ খ্রিঃ

সময় : সকাল ১০.৩০ ঘটিকা

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব(বাজেট) কে অনুরোধ করেন। উপসচিব (বাজেট) বিগত ২১/১২/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনান। সভায় কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে-এর উপর কমিটির সকল সদস্যগণের মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে কমিটির সকল সদস্য বর্ণিত কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

**১.০ আলোচ্যসূচি-১: ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (অনুন্নয়ন ও উন্নয়ন) প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (অনুন্নয়ন ও উন্নয়ন) প্রক্ষেপণ অনুমোদন:**

উপসচিব (বাজেট) আগামী ২০১৭-১৮ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি, প্রস্তাবিত ব্যয়সীমার (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রক্ষেপণ সভায় আলোচনার জন্য উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, গত ২১/১২/২০১৬ খ্রিঃ তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভা অনুষ্ঠিত হয় এবং উক্ত সভায় অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং অনুযায়ী মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থার মধ্যে রাজস্ব আয় ও ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ সিলিং-এর ভিত্তিতে বিভাজন করা হয়েছে। গত ২১/১২/২০১৬ তারিখ অর্থ বিভাগের সাপ্তাহিক রিভিউ সভায় মধ্যমেয়াদি বাজেট কাঠামো (বর্ণনামূলক অংশ) সাম্প্রতিক অর্জনের ভিত্তিতে, কৌশলগত কোন পরিবর্তন থাকলে এবং সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাথে লিংক করে প্রণয়ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সেই সাথে বাজেট পরিপত্র-১ এ উল্লিখিত মধ্যমেয়াদি বাজেট কাঠামো (MBF)-এর দ্বিতীয় অংশ দপ্তর/সংস্থাসমূহ নিজেরা পূরণ করবে। অর্থ বিভাগ হতে ২০১৭-১৮ অর্থ বছরের প্রাক্কলন এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণের সিলিং নিম্নরূপে নির্ধারিত রয়েছেঃ

**রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০১৬-১৭ | প্রস্তাবিত বাজেট ২০১৭-১৮ | প্রক্ষেপণ ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৫১.৬৬ | ৫৭.৮৬ | ৬৪.৮০ | ৭২.৫৭ |

**মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট | প্রস্তাবিত বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১৮০২.১৪ | ১৯৮২.২৯ | ২১৮০.৫৪ | ২৩৯৮.৬১ |

**মন্ত্রণালয়/বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সাহায্য ২০১৭-১৮ |
|---|---|---|
| ৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১২৫.০০ |

অর্থ বিভাগ হতে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, প্রস্তাবিত ব্যয়সীমা এবং সম্ভাব্য বৈদেশিক সহায়তার আলোকে ২০১৭-২০১৮ অর্থবছরের প্রাক্কলন (অনুন্নয়ন ও উন্নয়ন) এবং ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরের প্রক্ষেপণ (অনুন্নয়ন ও উন্নয়ন) মন্ত্রণালয়সহ দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপ বিভাজন সভায় পুন:বন্টনের জন্য উপস্থাপন করা হয়ঃ

**প্রাপ্ত আয়সীমা মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে বন্টন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/সংস্থা | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| সচিবালয় | ৯৭.৫৪ | ১০৮.০০ | ১০৭.০০ | ১২৩.০০ |
| মৎস্য অধিদপ্তর | ১৬১৩.৬০ | ১৮০৮.৭০ | ২০৩৮.০০ | ২২৯০.০০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৩২৮৭.৬৫ | ৩৬৮০.০০ | ৪১৩৬.৬৫ | ৪৬৪০.৬৫ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৪৪.২০ | ৪৬.০০ | ৪৮.০০ | ৫০.০০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.২৫ | ০.৩০ | ০.৩৫ | ০.৩৫ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.৪০ | ২৫.০০ | ২৫.০০ | ২৫.০০ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | ২৫.০০ | ২৬.০০ | ২৭.০০ | ২৮.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ২.০০ | ২.০০ | ৩.০০ | ৪.০০ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ৮৫.০০ | ৯০.০০ | ৯৫.০০ | ৯৬.০০ |
| মোট | ৫১৬৫.৬৪ | ৫৭৮৬.০০ | ৬৪৮০.০০ | ৭২৫৭.০০ |

**প্রাপ্ত ব্যয়সীমা (অনুন্নয়ন ও উন্নয়ন) (বৈদেশিক সহায়তাসহ) মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে বন্টন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | বাজেট | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/ সংস্থা সমূহের অতিরিক্ত চাহিদা | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৭-১৮ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| সচিবালয় | | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ১৫৫৩৪.১৭ | ২১৭৩৭.৬৬ | ২১৭৩৭.৬৬ | ০.০০ | ২৩৯১১.৭৭ | ২৬৩০২.৫৫ |
| জিওবি (উন্নয়ন) | ২০৪৭.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | |
| **মোট উন্নয়ন(জিওবি+পিএ)** | **২০৪৭.০০** | **০.০০** | **০.০০** | ০.০০ | **০.০০** | **০.০০** |
| জিওবি (উন্নয়ন থোক) | ১৭৯৭.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ২৬৬৭৮.০০ | ৬৫৫৭৭.০০ |
| পিএ (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট থোক (জিওবি+পিএ)** | **১৭৯৭.০০** | **০.০০** | **০.০০** | ০.০০ | **২৬৬৭৮.০০** | **৬৫৫৭৭.০০** |
| সর্বমোট উন্নয়ন(জিওবি+পিএ+থোক) | **৩৮৪৪.০০** | **০.০০** | **০.০০** | ০.০০ | **২৬৬৭৮.০০** | **৬৫৫৭৭.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **১৯৩৭৮.১৭** | **২১৭৩৭.৬৬** | **২১৭৩৭.৬৬** | ০.০০ | **৫০৫৮৯.৭৭** | **৯১৮৭৯.৫৫** |
| আন্তর্জাতিক সংস্থার চাঁদা | | | | | | |
| **মোট (অনুন্নয়ন)** | ৭১.০০ | ৭১.০০ | ৭১.০০ | ০.০০ | ৭২.০০ | ৭৫.০০ |
| মৎস্য অধিদপ্তর | | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ২৪৭৩৯.০২ | ২৮৩৬৪.৮৮ | ২৭০৬২.০০ | ১৩০২.৮৮ | ৩০৫২২.০৪ | ৩২৩০৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২৮৮৯৪.০০ | ৩২৩৩৩.০০ | ৩০১৫৩.০০ | ২১৮০.০০ | ৩৩৯৬৯.৭৪ | ২৪৬১৪.০০ |
| পিএ (উন্নয়ন) | ৬৪৮৪.০০ | ১০০৪৪.০০ | ৭৫১৭.০০ | ২৫২৭.০০ | | |
| **মোট উন্নয়ন** | **৩৫৩৭৮.০০** | **৪২৩৭৭.০০** | **৩৭৬৭০.০০** | ৪৭০৭.০০ | **৩৩৯৬৯.৭৪** | **২৪৬১৪.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৬০১১৭.০২** | **৭০৭৪১.৮৮** | **৬৪৭৩২.০০** | ৬০০৯.৮৮ | **৬৪৪৯১.৭৮** | **৫৬৯১৯.০০** |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | বাজেট | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের অতিরিক্ত চাহিদা | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৭-১৮ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ৫২৭৩৭.৬১ | ৫৮৫১৮.১০ | ৫৭৮৬১.০০ | ৬৫৭.১০ | ৬৪১৫৬.৪৪ | ৭০৭৫২.৯৮ |
| জিওবি (উন্নয়ন) | ২৮২২১.০০ | ৪২৬০৮.০০ | ৩২৬২৪.০০ | ৯৯৮৪.০০ | ২৫১২৬.০০ | ১১৭৫৩.০০ |
| পিএ (উন্নয়ন) | ৫৫০৬.০০ | ১০৮০০.০০ | ৪৯৮৩.০০ | ৫৮১৭.০০ | | |
| **মোট উন্নয়ন** | **৩৩৭২৭.০০** | **৫৩৪০৮.০০** | **৩৭৬০৭.০০** | **১৫৮০১.০০** | **২৫১২৬.০০** | **১১৭৫৩.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৮৬৪৬৪.৬১** | **১১১৯২৬.১০** | **৯৫৪৬৮.০০** | **১৬৪৫৮.১০** | **৮৯২৮২.৪৪** | **৮২৫০৫.৯৮** |
| মেরিন ফিশারিজ একাডেমী | | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ৬৯৭.২০ | ৭৫০.০০ | ৭৫০.০০ | ০.০০ | ৮০০.০০ | ৮৫০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ১৬৮৩.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **১৬৮৩.০০** | **০.০০** | **০.০০** | ০.০০ | **০.০০** | **০.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **২৩৮০.২০** | **৭৫০.০০** | **৭৫০.০০** | ০.০০ | **৮০০.০০** | **৮৫০.০০** |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ২১৭.০০ | ২৬৩.০০ | ২৬৩.০০ | ০.০০ | ২৮৮.০০ | ৩০০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **২১৭.০০** | **২৬৩.০০** | **২৬৩.০০** | ০.০০ | **২৮৮.০০** | **৩০০.০০** |
| **স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ** | | | | | | |
| **বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট** | | | | | | |
| **মোট অনুন্নয়ন** | ২৬০০.০০ | ৩৩৪৩.০০ | ৩১৬০.০০ | ১৮৩.০০ | ৩৫৮০.০০ | ৩৭৬০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ১০৫৮.০০ | ১৯০০.১২ | ১৯০০.০০ | ০.১২ | ৩৫৯.৯৫ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ৩৯.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | | |
| **মোট উন্নয়ন** | **১০৯৭.০০** | **১৯০০.১২** | **১৯০০.০০** | ০.১২ | **৩৫৯.৯৫** | **০.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৩৬৯৭.০০** | **৫২৪৩.১২** | **৫০৬০.০০** | ১৮৩.১২ | **৩৯৩৯.৯৫** | **৩৭৬০.০০** |
| **বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট** | | | | ০.০০ | | |
| **মোট অনুন্নয়ন** | **২৫১২.০০** | **২৭৬৩.০০** | **২৭৬৩.০০** | ০.০০ | **৩০৪০.০০** | **৩২৭৫.০০** |
| জিওবি (উন্নয়ন) | ১৭৯৪.০০ | ৩৫৩১.৭৭ | ৩৫০০.০০ | ৩১.৭৭ | ৬৬০.৮০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **১৭৯৪.০০** | **৩৫৩১.৭৭** | **৩৫০০.০০** | ৩১.৭৭ | **৬৬০.৮০** | **০.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৪৩০৬.০০** | **৬২৯৪.৭৭** | **৬২৬৩.০০** | ৩১.৭৭ | **৩৭০০.৮০** | **৩২৭৫.০০** |
| **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল** | | | | ০.০০ | | |
| **মোট অনুন্নয়ন** | ৭৭.০০ | ৮৪.৩৪ | ৮৪.৩৪ | ০.০০ | ৮৯.২৬ | ৯৬.৪৭ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৭৭.০০** | **৮৪.৩৪** | **৮৪.৩৪** | ০.০০ | **৮৯.২৬** | **৯৬.৪৭** |
| **বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন** | | | | | | |
| **মোট অনুন্নয়ন** | **০.০০** | **০.০০** | **০.০০** | ০.০০ | **০.০০** | **০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ৩৫০৬.০০ | ৯২০০.০০ | ৩৮০০.০০ | ৫৪০০.০০ | ৪৮০০.০০ | ২০০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **৩৫০৬.০০** | **৯২০০.০০** | **৩৮০০.০০** | ৫৪০০.০০ | **৪৮০০.০০** | **২০০.০০** |
| **মোট (অনুন্নয়ন + উন্নয়ন)** | **৩৫০৬.০০** | **৯২০০.০০** | **৩৮০০.০০** | ৫৪০০.০০ | **৪৮০০.০০** | **২০০.০০** |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | বাজেট | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/ সংস্থা সমূহের অতিরিক্ত চাহিদা | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৭-১৮ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ |
| **সর্বমোট মোট (অনুন্নয়ন)** | **৯৯১৮৫.০০** | **১১৫৮৯৪.৯৮** | **১১৩৭৫২.০০** | **২১৪২.৯৮** | **১২৬৪৫৯.৫১** | **১৩৭৭১৭.০০** |
| **মোট জিওবি (উন্নয়ন)** | **৬৯০০০.০০** | **৮৯৫৭২.৮৯** | **৭১৯৭৭.০০** | **১৭৫৯৫.৮৯** | **৯১৫৯৪.৪৯** | **১০২১৪৪.০০** |
| **মোট পিএ (উন্নয়ন)** | **১২০২৯.০০** | **২০৮৪৪.০০** | **১২৫০০.০০** | **৮৩৪৪.০০** | **০.০০** | **০.০০** |
| **সর্বমোট মোট উন্নয়ন (জিওবি+পিএ)** | **৮১০২৯.০০** | **১১০৪১৬.৮৯** | **৮৪৪৭৭.০০** | **২৫৯৩৯.৮৯** | **৯১৫৯৪.৪৯** | **১০২১৪৪.০০** |
| **সর্বমোট (অনুন্নয়ন+উন্নয়ন)** | **১৮০২১৪.০০** | **২২৬৩১১.৮৭** | **১৯৮২২৯.০০** | **২৮০৮২.৮৭** | **২১৮০৫৪.০০** | **২৩৯৮৬১.০০** |

সভাপতি বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের রাজস্ব আয় বাড়ানোর বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন, অধিদপ্তরের অধীন ফার্মসমূহের রেজিস্ট্রেশন ফি পুন:নির্ধারণ করা যেতে পারে।

মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর জানান, ২০১৭-২০১৮ অর্থ বছরে ৭টি প্রকল্প সমাপ্ত হবে। সে সমস্ত প্রকল্পের জন্য পূর্ণ বরাদ্দ রাখতে হবে। এ লক্ষ্যে ১৮৩.৩৩ লক্ষ টাকা জিওবি খাতে প্রয়োজন হবে । মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর জানান, ২০১৭-২০১৮ অর্থ বছরে ৯টি প্রকল্প সমাপ্ত হবে। সে সমস্ত প্রকল্পের জন্য পূর্ণ বরাদ্দ রাখতে হবে। মহাপরিচালক, বিএফআরআই বলেন, ২০১৭-১৮ অর্থ বছরে ২টি প্রকল্প সমাপ্ত হবে এবং মহাপরিচালক, বিএলআরআই ২০১৭-১৮ অর্থ বছরে ৩টি প্রকল্প সমাপ্ত হবে। সমাপ্ত প্রকল্পে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে।

যুগ্ম-প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় জানান যে, ২০১৭-১৮ অর্থ বছরে যে সকল প্রকল্পের মেয়াদ শেষ হবে সে সকল প্রকল্পের জন্য শতভাগ বরাদ্দ রাখতে হবে এবং ইতোমধ্যে অনুমোদিত প্রকল্পগুলোর জন্য সর্বমোট ১১০৪১৬.৮৯ লক্ষ টাকা প্রয়োজন হবে। কিন্তু অর্থ বিভাগ হতে প্রদত্ত সিলিং অনুযায়ী উন্নয়ন খাতের জন্য ৮৪৪৭৭.০০ লক্ষ টাকা সিলিং ধার্য্য করা হয়েছে। বাস্তবে মেয়াদ শেষ হওয়া এবং অনুমোদিত প্রকল্প বাস্তবায়নের জন্য আরো অতিরিক্ত ২৫৯৩৯.৮৯ লক্ষ টাকা প্রয়োজন হবে বলে জানান। তাছাড়া উপসচিব (বাজেট) বলেন, অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের চাহিদা অনুযায়ী অনুন্নয়ন খাতে অরো অতিরিক্ত ২১৪২.৯৮ লক্ষ টাকা প্রয়োজন হবে।

আর্ন্তজাতিক সংস্থাসমূহের অনুকূলে চাঁদা পরিশোধের বিষয়ে সভাপতি মন্ত্রণালয়ের আওতাভুক্ত ৫টি আর্ন্তজাতিক সংস্থার অনুকূলে চাঁদা পরিশোধের হালনাগাদ তথ্যাদি জানতে চান। যুগ্ম-সচিব(প্রাস-১) বলেন, APHCA-এর বকেয়া চাঁদা পরিশোধ না করার কারণে ২০১৬ সালের অক্টোবরে থাইল্যান্ডে অনুষ্ঠিত সভায় বাংলাদেশ ভাইস প্রেসিডেন্ট পদে প্রতিদন্দ্বিতা করতে পারেনি। সভাপতি বলেন, সম্প্রতি APHCA থেকে একটি পত্র এসেছে এবং এ বিষয়ে কি কার্যক্রম গৃহিত হয়েছে। উপসচিব (বাজেট) বলেন, অনেক আগেই APHCA এর চাঁদা পরিশোধ করা হয়েছে। ২০১৫ ও ২০১৬ সালের বিভিন্ন তারিখে এ বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং ইটালীর রোমস্থ বাংলাদেশ দূতাবাসে লিখিতভাবে প্রমাণকসহ চাঁদা পরিশোধের বিষয়টি জানানো হয়েছে। সর্বশেষ গত ১১/১২/১৬ তারিখে চাঁদা পরিশোধের যাবতীয় প্রমাণকসহ রোম, ইটালীস্থ রাষ্ট্রদূত বরাবর কূটনৈতিক ব্যাগে পত্র প্রেরণ করা হয়েছে। সম্প্রতি আসা পত্রটির বিষয়ে আগেই কার্যক্রম গৃহীত হয়েছে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (বাজেট) বলেন, FAO-এর বাংলাদেশ অংশের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা অবসরে যাওয়ায় APHCA এর চাঁদা পরিশোধের বিষয়টি সুরাহা হয়নি। উপসচিব (বাজেট) বলেন, APHCA ব্যতিত অন্য ৪টি সংস্থার চাঁদা পরিশোধের বিষয়ে কোন সমস্যা নেই। প্রাপ্তি স্বীকার কেন পাওয়া যায়নি এবং প্রাপ্তি স্বীকারের বিষয়টি আগামী ৭ দিনের মধ্যে APHCA-সহ সবগুলো আর্ন্তজাতিক সংস্থাসমূহের চাঁদা পরিশোধের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশ দেন।

**সিদ্ধান্তসমূহঃ**

১.১ অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং চাহিদার তুলনায় অপ্রতুল হওয়ায় আগামী ২০১৭-১৮ অর্থবছরের জন্য মন্ত্রণালয় এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা সমূহের সিলিং বহির্ভূত অতিরিক্ত চাহিদার বিপরীতে অনুন্নয়ন খাতে আরো ২১৪২.৯৮

লক্ষ টাকা এবং উন্নয়ন খাতে আরো ২৫৯৩৯.৮৯ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধ জানিয়ে উপ-আনুষ্ঠানিক (ডিও) পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১.২ বাজেটের বর্ণনামূলক অংশ অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক সংশোধনপূর্বক প্রণয়ন করে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১.৩ যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাজেটের উন্নয়ন সংক্রান্ত অংশের সম্মতি গ্রহণের বিষয়ে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১.৪ বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় গৃহীত সুপারিশমূলক সিদ্ধান্তসমূহ অনুমোদন করা হয়।

১.৫ দপ্তর/অধিদপ্তরের রাজস্ব আয় বাড়ানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## ২.০ আলোচ্যসূচি-২: ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন এবং উন্নয়ন) অনুমোদনঃ

অর্থ বিভাগের ১৮/১২/২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০১১.২০১৬-৭৫৯ সংখ্যক বাজেট পরিপত্রে বর্ণিত ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে অনুসৃতব্য নীতিমালা ও পদ্ধতির আলোকে অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে প্রস্তাব আহবানের পরিপ্রেক্ষিতে অধিদপ্তর/দপ্তর/সংস্থা তাদের স্ব-স্ব সংশোধিত বাজেট প্রস্তাবের সমন্বিত সার-সংক্ষেপ উপসচিব (বাজেট) সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপঃ

### ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/সংস্থা | বাজেট | প্রস্তাবিত সংশোধিত বাজেট প্রাক্কলন |
|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৬-১৭ |
| ১ | ২ | ৩ |
| সচিবালয় | ৯৭.৫৪ | ১৮৯.৬৬ |
| মৎস্য অধিদপ্তর | ১৬১৩.৬০ | ১৪৯৬.১৫ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৩২৮৭.৬৫ | ৩৪৭৪.৮৪ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৪৪.২০ | ৪৪.২০ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.২৫ | ০.২৫ |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.৪০ | ১২.০০ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | ২৫.০০ | ২৫.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ২.০০ | ২.০০ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ৮৫.০০ | ৮৫.০০ |
| মোট | ৫১৬৫.৬৪ | ৫৩২৯.১০ |

### ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন এবং উন্নয়ন)

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | মূল বাজেট | সংশোধিত বাজেটে চাহিদা | অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৬-১৭ | ২০১৬-১৭ |
| সচিবালয় | | | |
| মোট অনুন্নয়ন | ১৫৫৩৪.১৭ | ২১০৮৪.৭৫ | ৫৫৫০.৫৮ |
| মোট উন্নয়ন | ৩৮৪৪.০০ | ২০৪৭.০০ | -১৭৯৭.০০ |
| মোট (অনুন্নয়ন ও উন্নয়ন) | ১৯৩৭৮.১৭ | ২৩১৩১.৭৫ | ৩৭৫৩.৫৮ |
| আন্তর্জাতিক সংস্থার চাঁদা | | | ০.০০ |
| মোট অনুন্নয়ন | ৭১.০০ | ৭১.০০ | ০.০০ |
| মৎস্য অধিদপ্তর | | | ০.০০ |
| মোট অনুন্নয়ন | ২৪৭৩৯.০২ | ২৫৬৪৫.১০ | ৯০৬.০৮ |
| মোট উন্নয়ন | ৩৫৩৭৮.০০ | ৩৪৯২৫.০০ | -৪৫৩.০০ |
| মোট (অনুন্নয়ন ও উন্নয়ন) | ৬০১১৭.০২ | ৬০৫৭০.১০ | ৪৫৩.০৮ |

| | | | |
|---|---|---|---|
| **প্রানিসম্পদ অধিদপ্তর** | | | |
| অনুন্নয়ন | **৫২৭৩৭.৬১** | **৫৪৯৩৩.৩৬** | **২১৯৫.৭৫** |
| মোট উন্নয়ন | **৩৩৭২৭.০০** | **৩৯৬১৪.০০** | **৫৮৮৭.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৮৬৪৬৪.৬১** | **৯৪৫৪৭.৩৬** | **৮০৮২.৭৫** |
| **মেরিন ফিশারিজ একাডেমী** | | | **০.০০** |
| মোট অনুন্নয়ন | **৬৯৭.২০** | **৬৯৭.২০** | **০.০০** |
| মোট উন্নয়ন | **১৬৮৩.০০** | **১৬৮৩.০০** | **০.০০** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **২৩৮০.২০** | **২৩৮০.২০** | **০.০০** |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | মূল বাজেট | সংশোধিত বাজেটে চাহিদা | অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৬-১৭ | ২০১৬-১৭ |
| **মৎস্য ও প্রানিসম্পদ তথ্য দপ্তর** | | | **০.০০** |
| সর্বমোট অনুন্নয়ন | **২১৭.০০** | ২১৭.০০ | **০.০০** |
| **স্বায়ত্বশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ** | | | **০.০০** |
| **বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট** | | | |
| মোট অনুন্নয়ন | ২৬০০.০০ | ২৯৪০.০০ | **৩৪০.০০** |
| মোট উন্নয়ন | ১০৯৭.০০ | ৮৮৯.৬৫ | **-২০৭.৩৫** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৩৬৯৭.০০** | **৩৮২৯.৬৫** | **১৩২.৬৫** |
| **দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম** | **মূল বাজেট** | **সংশোধিত বাজেটে চাহিদা** | **অতিরিক্ত চাহিদা** |
| | **২০১৬-১৭** | **২০১৬-১৭** | **২০১৬-১৭** |
| **বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট** | | | **০.০০** |
| মোট অনুন্নয়ন | ২৫১২.০০ | ২৮১২.০০ | **৩০০.০০** |
| মোট উন্নয়ন | ১৭৯৪.০০ | ২০৯৪.৬৮ | **৩০০.৬৮** |
| **মোট (অনুন্নয়ন ও উন্নয়ন)** | **৪৩০৬.০০** | **৪৯০৬.৬৮** | **৬০০.৬৮** |
| **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল** | | | **০.০০** |
| সর্বমোট অনুন্নয়ন | ৭৭.০০ | ৮০.৫২ | **৩.৫২** |
| **বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন** | | | **০.০০** |
| সর্বমোট উন্নয়ন | **৩৫০৬.০০** | **৪০৬২.০০** | **৫৫৬.০০** |
| | | | |
| **সর্বমোট অনুন্নয়ন** | **৯৯১৮৫.০০** | **১০৮৪৮০.৯৩** | **৯২৯৫.৯৩** |
| **সর্বমোট উন্নয়ন** | **৮১০২৯.০০** | **৮৫৩১৫.৩৩** | **৪২৮৬.৩৩** |
| **সর্বমোট (অনুন্নয়ন+উন্নয়ন)** | **১৮০২১৪.০০** | **১৯৩৭৯৬.২৬** | **১৩৫৮২.২৬** |

২০১৬-২০১৭ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলনের ব্যয়সীমা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রসঙ্গে উপসচিব (বাজেট) বলেন, এ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর, সংস্থাসমূহের সাথে আলোচনাক্রমে অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্রের নির্দেশনা মোতাবেক ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (অনুন্নয়ন ও উন্নয়ন) নির্ধারণ করা হয়েছে।

সভাপতি বলেন, কার্যপত্রে উল্লিখিত ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটে রাজস্ব আয় অস্বাভাবিকভাবে বেড়েছে মর্মে প্রতীয়মান হয়। উপসচিব (বাজেট) বলেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট থেকে প্রাপ্ত iBAS রিপোর্টের ভিত্তিতে কার্যপত্রটি তৈরী হয়েছে। এ বিষয়ে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় জানান, অনেক সময় এক কোডের টাকা অন্য কোডে ভুলক্রমে মিসকোডিং হয়ে থাকে। ফলে এ ঘটনাটি ঘটে থাকতে পারে। বিষয়টি Reconciliation করার পর সঠিক তথ্য বের হবে।

এ মন্ত্রণালয়ের সহকারী প্রধান জনাব মোহাম্মদ আল-মারুফ মন্ত্রণালয়ের বিদ্যমান ১টি গাড়ি অকেজো হওয়ায় এর স্থলে নতুন ১টি গাড়ি ক্রয়ের বিষয়ে যৌক্তিকতা সভায় তুলে ধরেন। এ লক্ষ্যে তিনি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটে ১টি গাড়ি ক্রয়ের জন্য ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করলে সভাপতি এতে একমত পোষণ করেন। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্তসমূহঃ**

২.১। ২০১৬-১৭ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত সংশোধিত বাজেটে অনুন্নয়ন খাতে ১০৮৪৮০.৯৩ লক্ষ টাকা এবং উন্নয়ন খাতে ৮৫৩১৫.৩৩ লক্ষ টাকা সর্বমোট ১৯৩৭৯৬.২৬ লক্ষ টাকা নির্ধারণ করা হয় এবং তা অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

২.২। মন্ত্রণালয়সহ দপ্তর/অধিদপ্তর/সংস্থার সংশোধিত বাজেট iBAS-এ ডাটা এন্ট্রি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়;

২.৩। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিবালয় অংশে নতুন গাড়ি ক্রয়ের জন্য ৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৪। মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তি অস্বাভাবিক হওয়ার বিষয়টি Reconciliation করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩.০ আলোচ্যসূচি-৩: ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জনসমূহ পুনঃমূল্যায়ন সংক্রান্ত আলোচনা:**

অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জনসমূহ পুনঃমূল্যায়ন করা প্রয়োজন। তিনি বলেন, প্রাণিসম্পদ অধিদপ্তরের অধীন APA-এর ৪নং ক্রমিকে উল্লিখিত মৎস্য ও গবাদিপশুর রোগ প্রতিরোধ নিয়ন্ত্রণ-এর ৪.৪নং ক্রমিকে টিকাদান সম্প্রসারণ কার্যক্রম এবং ৪.৬ ক্রমিকে উল্লিখিত পশুর চিকিৎসা ত্বরান্বিতকরণ সংক্রান্ত APA-এর অর্জনের কলামে কম নম্বর প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত বিষয়ে সঠিক রেকর্ড কিপিং না থাকার কারণে কম নম্বর প্রদান করা হয়েছে মর্মে জানা যায়। ফলে মন্ত্রণালয়ের APA-এর সার্বিক অর্জন কম হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, অর্জনযোগ্য এপিএর টার্গেট নির্ধারণ করা, টার্গেট অর্জন সমর্থিত ডকুমেন্ট সংরক্ষণ এবং যথাযথভাবে রেজিস্ট্রার পত্র সংরক্ষণ করতে হবে। অন্যথায় দপ্তর/অধিদপ্তরকে এর দায়দায়িত্ব বহন করতে হবে। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বলেন, বছরে প্রয় ২৪ কোটি ডোজ ভ্যাকসিনেশন করা হয়। ফলে চিকিৎসা সংক্রান্ত রেকর্ড থাকলেও রেজিস্ট্রার সংরক্ষণ করা সম্ভব হয়না। সভাপতি এ সমস্ত দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে APA-এর কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত সঠিকভাবে রেকর্ড সংরক্ষণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অধিদপ্তরের মহাপরিচালকগণকে নির্দেশ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

৩.১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্জনসমূহ পুনঃমূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৪.০। আলোচ্যসূচি-৪: বিবিধঃ**

মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর তাঁর দপ্তরের অনুকূলে মৎস্য অভয়াশ্রম নামক নতুন কোড সৃজনের জন্য পুনরায় অনুরোধ জানান। এ বিষয়ে উপসচিব (বাজেট) বলেন, মৎস্য অধিদপ্তরের অনুকূলে মৎস্য অভয়াশ্রম, প্রাণিসম্পদ অধিদপ্তরের অনুকূলে দেশী গাভী ক্রয় এবং ক্যাম্পাস নার্সারি নামীয় ২টি অর্থনৈতিক কোড সৃজনের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হলে অর্থ বিভাগ হতে দেশী গাভী ক্রয়, ক্যাম্পাস নার্সারি এবং জেলেদের ক্ষতিপূরণ নামীয় ৩টি অর্থনৈতিক কোড সৃজনের বিষয়ে

অসম্মতি জ্ঞাপন করে। অপরদিকে মৎস্য অভয়াশ্রম সংক্রান্ত কোডটি সৃজন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে অদ্যাবধি কোন মতামত পাওয়া যায়নি। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

১। অর্থ বিভাগে প্রেরিত মৎস্য অধিদপ্তরের অনুকূলে অভয়াশ্রম নামীয় অর্থনৈতিক কোড সৃজনের বিষয়টি ফলোআপ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
২৯/১২/২০১৬
(মোঃ মাকসুদুল হাসান খান)
সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।



E:\Budget Section\Minutes (Nikosh)\BMC Meting MTBF 2016-17 (Revised) 28.12.2016.doc 8